USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

World Vision




# নবযাত্রা

আমেরিকান সরকারের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি)
এর খাদ্য নিরাপত্তা কার্যক্রম

## ভূমিকা

'নবযাত্রা' আমেরিকান সরকারের আন্তর্জাতিক সংস্থা (ইউএসএইডি) এর ফুড ফর পিস (টাইটেল ২) খাদ্য নিরাপত্তা কার্যক্রমের অর্থায়নে পাঁচ বছর মেয়াদী একটি প্রকল্প; যার প্রধান লক্ষ্য হলো বাংলাদেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের নারী ও পুরুষের সমতা নিশ্চিত করার মাধ্যমে খাদ্য নিরাপত্তা, পুষ্টি ও দুর্যোগ সহনশীলতার উন্নতি সাধন। ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এবং সেই সঙ্গে ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম ও উইনরক ইন্টারন্যাশনাল এবং ৩টি স্থানীয় পার্টনার এনজিও উপরোলিক্ষিত লক্ষ্য অর্জনে মা ও শিশুর স্বাস্থ্য ও পুষ্টি, নিরাপদ পানি, পয়ঃনিষ্কাশন ও স্বাস্থ্যবিধি, কৃষি ও জীবিকায়ন, দুর্যোগ ঝুঁকি প্রশমন, সুশাসন এবং নারী-পুরুষ সমতা বিষয়ক কার্যক্রম সমন্বিতভাবে বাস্তবায়ন করছে। এখানে উল্লেখ্য যে, নবযাত্রা প্রকল্পটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের যৌথ অংশীদারিত্বে খুলনা জেলার দাকোপ ও কয়রা উপজেলা ও সাতক্ষীরা জেলার শ্যামনগর ও কালিগঞ্জ উপজেলায় বাস্তবায়িত হচ্ছে।




৪ উপজেলা

৫ বছর

৮৫৬১১৬ উপকারভোগী

৪০ ইউনিয়ন

২০০৪৯৫ বাড়ী

WFP World Food Programme wfp.org

WINROCK INTERNATIONAL

## লক্ষিত জনগোষ্ঠী

'নবযাত্রা' প্রকল্প সমন্বিতভাবে একটি বৃহৎ জনগোষ্ঠীর সঙ্গে কাজ করছে; যাদের মধ্যে ২ বছরের কম বয়সী শিশু, গর্ভবতী ও দুগ্ধদানকারী নারী ও তরুন-তরুণী অন্তর্ভূক্ত। একই সঙ্গে তাদের স্বামী, বাবা, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ নিয়েও কাজ করছে যারা মূলত: আচরণ ও দৃষ্টিভঙ্গী পরিবর্তনের মাধ্যমে মা-শিশুর স্বাস্থ্য, পুষ্টি ও সর্বোপরি ভাল থাকার জন্য বিশেষ ভুমিকা রাখতে পারে। নবযাত্রার লক্ষিত জনগোষ্ঠীর মধ্যে রয়েছে:

- ২ বছরের কম বয়সী শিশু
- গর্ভবতী ও দুগ্ধদানকারী নারী
- তরুণ-তরুণী
- নারী প্রধান পরিবার, কিশোরী/ তরুনী (১৫-২৪ বছর)
- স্বামী এবং পিতা

## নবযাত্রা প্রকল্প ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা

বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তা ও জীবিকায়ন, নারী-পুরুষের সমতা এবং পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার উদ্দেশ্য। যার বাস্তবায়নের মাধ্যমে পুষ্টি চাহিদা ও অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করা সম্ভব। নিম্নে উল্লিখিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহে অবদান রাখার মাধ্যমে বাংলাদেশের দুর্যোগপ্রবণ দক্ষিণ পশ্চিমাঞ্চলে স্থিতিশীল পরিবর্তন আনয়ন নবযাত্রা প্রকল্পের অন্যতম লক্ষ্য।




# নবযাত্রার লক্ষ্য ও প্রধান কার্যক্রম

## মা ও শিশু স্বাস্থ্য ও পুষ্টি (MCHN)

**উদ্দেশ্য:** গর্ভবতী ও দুগ্ধদানকারী নারী, এবং পাঁচ বছরের কম বয়সী শিশুদের পুষ্টিজনিত অবস্থার উন্নয়ন সাধন এবং কৈশোরকালীন গর্ভধারণ কমানো

**মূল কার্যক্রম:**

- গর্ভবতী ও দুগ্ধদানকারী নারীদেরকে শর্তসাপেক্ষে ১৫ মাসের জন্য মাসিক ভাতা প্রদান
- মোবাইল ফোন অথবা বিকল্প প্রযুক্তি ব্যবহার করে সামাজিক ও আচরণগত পরিবর্তনের জন্য তথ্যর আদান প্রদান
- শিশুর সঠিক বিকাশ পর্যবেক্ষণ এর জন্য দুই বছরের কম বয়সী শিশুদের বৃদ্ধি ও বিকাশ র্পযবেক্ষণ এবং ৬-২৩ মাস বয়সী শিশুর জন্য অনুপুষ্টি (MNP) সরবরাহ
- বাস্তব সময়ে শিশুর বিকাশ পর্যবেক্ষন (real time monitoring) ও তথ্য সংরক্ষণকে শক্তিশালী করার লক্ষ্যে মোবাইল প্রযুক্তির ব্যবহার (mHealth)
- মাঠ পর্যায়ের জনস্বাস্থ্য কর্মীদেরকে মা ও শিশু স্বাস্থ্য ও পুষ্টি চর্চা বিষয়ক মৌলিক প্রশিক্ষন প্রদান



| ২৬,৫০৬ | ২৬,৫০৬ | ৩৬০০ | ৪৬৯,৬৯৬ |
|---|---|---|---|
| জিএমপি (GMP) সেশন | অনুপুষ্টি গ্রহণকারী শিশু | শর্তসাপেক্ষে নগদ অর্থ গ্রহণকারী | জনসচেতনতা বিষয়ক অংশগ্রহণকারী |

## নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশনও স্বাস্থ্যবিধি চর্চা (WASH)



১৬৭,২০০ উপকারভোগীর জন্য পানির উৎসের ব্যবস্থা করা

১৬৫৪ স্যানিটেশন ব্যবসায়ী

৩,৪০০ ওয়াটসান কমিটির সদস্য

**উদ্দেশ্য:** নিরাপদ পানি, স্বাস্থ্যসম্মত পয়:নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন ও স্বাস্থ্যবিধির চর্চা

**মূল কার্যক্রম:**

- বিপদাপন্ন জনগোষ্ঠীকে নিরাপদ পানি সরবরাহ করা, স্বাস্থ্যসম্মত নতুন ল্যাট্রিন স্থাপনে সহায়তা এবং বিদ্যমান ল্যাট্রিন এর সংস্কার
- ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে ওয়াটসান কমিটিকে সক্রিয় ও শক্তিশালী করা
- ভোক্তা ও স্যানিটেশন ব্যবসার মধ্যে সংযোগ স্থাপন
- সামাজিক ও আচরণগত পরিবর্তনের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই) ও ওয়াটসান কমিটির মধ্যে যোগাযোগ স্থাপন

## কৃষি এবং জীবিকায়ন (Agriculture and Livelihoods)

**উদ্দেশ্য:** নারী-পুরুষ উভয়ের আয় বৃদ্ধি করা এবং পুষ্টিকর খাবারে তাদের সমতাভিত্তিক অংশগ্রহণ নিশ্চিত কর

**মূল কার্যক্রম:**

- গণনা, সঞ্চয়, ঋণ ও ব্যবসা উদ্যোগ বিষয়ক 'উদ্যোক্তা সাক্ষরতা' প্রশিক্ষণ
- অতি দরিদ্রদের জন্য প্রশিক্ষণকালীন মাসিক ভাতা, আয়বর্ধনমূলক কার্যক্রমের উপর প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষণ শেষে নগদ অনুদান, এবং সঞ্চয়ী দল গঠন
- বিভিন্ন পর্যায়ের উৎপাদনকারী ও বাজারের মধ্যে সংযোগ স্থাপন
- প্রধান প্রধান কৃষকদের নেতৃত্বে জলবায়ু সহিষ্ণু কৃষি প্রদর্শনী খামার স্থাপন



১৪,০০০ গ্রাজুয়েশন কার্যক্রমে অতি দরিদ্র ব্যক্তি

২৭,০০০ উৎপাদনকারী

১৫০ নেতৃত্বদানকারী কৃষক

১৪,০০০ সঞ্চয়ী দলের সদস্য

## দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ (DRR)



কমিউনিটিকে মবিলাইজ করা

২,০০০ যুব স্বেচ্ছাসেবক

৪০৪ জন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য

**উদ্দেশ্য:** কর্মএলাকার জনগোষ্ঠী, সরকারী ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান-সমূহকে দুর্যোগকালীন প্রস্তুতি গ্রহণ এবং তা মোকাবেলায় সক্ষম করে তোলা।

**মূল কার্যক্রম:**

- যুব স্বেচ্ছাসেবক দলের জন্য দুর্যোগ প্রস্তুতি বিষয়ক প্রশিক্ষণ, কমিউনিটির জনগোষ্ঠীর ঝুঁকি নিরূপণ এবং দুর্যোগ ঝুঁকি হ্রাস এর কর্ম পরিকল্পনা
- ইউনিয়ন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপণা কমিটির সঙ্গে গ্রাম উন্নয়ন কমিটির সংযোগ স্থাপণ, সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্ম পরিকল্পনা প্রনয়ন এবং বাড়ী পর্যায়ে দুর্যোগ প্রস্তুতি পরিকল্পনার বাস্তবায়ন
- ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে তাদের কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়তা প্রদান
- জাতীয় 'অভিজ্ঞতা ভিত্তিক' অ্যাডভোকেসি

## সুশাসন এবং সামাজিক দায়বদ্ধতা (Good Governance and Social Accountability)



১১,৪০০ গ্রাম উন্নয়ন কমিটি সদস্য

৪০,০০০ সিভিএতে অংশগ্রহনকারী

৪৬ টি শিশু সুরক্ষা কমিটি

**উদ্দেশ্য:** স্থানীয় সরকার কাঠামোর সক্ষমতা বৃদ্ধি এবং সরকারি ও বেসরকারি সেবাপ্রদানকারীদের সামাজিক দায়বদ্ধতার উন্নয়ন

**মূল কার্যক্রম:**

- সিটিজন ভয়েস এন্ড এ্যাকশন (CVA) কার্যক্রমের মাধ্যমে গ্রাম উন্নয়ন কমিটিসমূহকে শক্তিশালী করা
- স্থানীয় সরকার কাঠামো; বিশেষ করে ইউনিয়ন পরিষদ ও এর স্থায়ী কমিটিসমূহের সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করা
- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক মন্ত্রনালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের সঙ্গে নীতি সংলাপ আয়োজন

## নারী-পুরুষ সমতা (Gender)

**উদ্দেশ্য:** নারী-পুরুষের সমতা আনয়নের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে এর চর্চা বাড়ানো

**মূল কার্যক্রম:**

- বাল্যবিবাহ ও কৈশোরকালীন গর্ভধারণ কমানোর লক্ষ্যে শিশু সুরক্ষা কমিটিকে শক্তিশালীকরণ ও বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক প্রচারণা
- নারী-পুরুষ সমতা বিষয়ক চর্চা বাড়ানোর লক্ষ্যে সমাজের নানা স্তরের প্রভাবশালী দলকে সম্পৃক্ত করা
- নারীর প্রতি সহিংসতা কমাতে ও দৃষ্টিভঙ্গীর পরিবর্তনের লক্ষ্যে পুরুষদের অংশগ্রহণ নিশ্চিতকরণ
- তরুনদের জন্য সিদ্ধান্ত গ্রহণ, জনসম্মুখে বক্তৃতা এবং জীবন দক্ষতার আরও নানা বিষয়ে প্রশিক্ষণ



৩.৮৪০ 'মেন কেয়ার' কার্যক্রমের অংশগ্রহণকারী

২,৮০০ যুব প্রশিক্ষণ অংশগ্রহণকারী

৪৬ টি শিশু সুরক্ষা কমিটি

# অন্যান্য কার্যক্রম

### গবেষণা ও উন্নয়ন

নবযাত্রা প্রকল্প মাঠ পর্যায়ের বাস্তবভিত্তিক প্রয়োজনের নিরীখে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রনয়ন ও তা শক্তিশালী করার লক্ষ্যে অভ্যন্তরীন এবং অন্যান্য সমমনা অংশীজনদের সমন্বয়ে গবেষণা কার্যক্রম ও ইউএসএআইডি এর সহযোগিতা, শিক্ষণ ও অভিযোজন কাঠামোর আওতায় শিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। এসব গবেষণার ফলাফলসমূহ প্রকল্পের কৌশল নির্ধারন ও কার্যক্রম বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে এবং একই সঙ্গে সেসব গবেষণার ফলাফল স্থানীয় ও জাতীয় পর্যায়ে উপস্থাপন করা হয়।

### পর্যবেক্ষণ ও মূল্যায়ন

নবযাত্রা প্রকল্পের রয়েছে একটি শক্তিশালী ও সমন্বিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন প্রক্রিয়া; যা বাস্তব সময়ের বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ করে থাকে। সেসব তথ্য ও উপাত্ত প্রয়োজনীয় বিশ্লেষণ সাপেক্ষে প্রকল্প বাস্তবায় প্রক্রিয়াকে অধিকতর কার্যকর ও টেকসই করতে সহায়তা করে।

### পলিসি ও অ্যাডভোকেসি

নবযাত্রা প্রকল্পের লক্ষ্য হলো, সকল স্তরের সরকারি, বেসরকারি এবং কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠান ও সেবাপ্রদানকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে কাজ করা; যাতে বিভিন্ন পর্যায়ের নীতিমালা, অনুশাসন এবং সর্বোপরি শাসনব্যবস্থার উন্নয়ন সাধন ও সেসবকে প্রভাবিত করতে সহায়তা করে। একই সঙ্গে এই যৌথ অংশীদারীত্ব 'ফিড দ্য ফিউচার জোন' এর অন্যান্য অংশীজনদের সাথে সমন্বয় সাধন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে সহায়তা করে। যার মূল লক্ষ্য হলো, নানা ধরনের উদ্ভাবনী উপায়ে রাজনীতির সদিচ্ছার প্রতিফলন এবং বিভিন্ন ধরনের জনমুখী নীতিমালার সফল বাস্তবায়নে সহায়তা করা।

### বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

ন্যাশনাল অফিস
ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ
আবেদিন টাওয়ার (৩য় তলা)
৩৫ কামাল আতাতুর্ক এভিনিউ
ঢাকা-১২১৩, বাংলাদেশ
ফোন: ৯৮২১০০৪-১১, ফ্যাক্স:(৮৮০২)৮৮১৫১৮০

রাকেশ কাটাল
চীফ অফ পার্টি-নব যাত্রা
ই-মেইল: **rakesh_katal@wvi.org**
ওয়েব: **http://www.wvb-nobojatra.org**

খুলনা সমন্বয় অফিস
ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ
১০/৯, প্রিয়ন্তি ধাম
শশ্মান ঘাট রোড, পুজাখোলা
ছোট বয়রা, খুলনা-৯০০০

এই প্রকল্প পরিচিতিটি ইউএসএআইডি এর মাধ্যমে আমেরিকার জনগনের পক্ষ থেকে প্রাপ্ত সহায়তা দ্বারা প্রনীত হয়েছে। এর বিষয়বস্তু সমূহের জন্য ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ দায়ী থাকবে। এখানে ইউএসএআইডি অথবা আমেরিকান সরকারের কোন মতামত প্রতিফলিত হয়নি।